



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ফোনঃ ৯৫৫৩০২৮
dgmrmd@krishibank.org.bd

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

নং-প্রকা/আরএমডি-৩০/২০১৮-১৯/১০২৪(১২৫০)

তারিখঃ ২৬-১১-২০১৮ ইং

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।

০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।

০৪। সকল শাখা ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পর্যদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী **CAMELS Rating ও Risk Management Rating** এর মান পর্যায়ক্রমে সন্তোষজনক মানে উন্নীতকরণের লক্ষ্যে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও পরিপালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা এর ২৭-১০-২০১৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং ১১ মোতাবেক ব্যাংকের বিভিন্ন কার্যক্রমের ঝুঁকি নিরূপণ পূর্বক তা প্রশমনের কর্ম পরিকল্পনা ও কৌশলগত পদক্ষেপ এবং গৃহীত ব্যবস্থা সময়ে সময়ে পর্যদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির বরাবরে উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়েছে। সেই নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকে এ পর্যন্ত পর্যদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৭ টি সভা অনুষ্ঠিত হয়েছে। ১২-০৯-১৮ তারিখে অনুষ্ঠিত পর্যদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ১৬ তম সভায় কমিটির সদস্যগণ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেনঃ

“CAMELS Rating, BASEL-III, Risk Management Rating ও Core Risk Rating এর মান উন্নীতকরণের লক্ষ্যে গৃহীতব্য সুনির্দিষ্ট পদক্ষেপসমূহের একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা আগামী ১৫ দিনের মধ্যে প্রস্তুত করতে হবে এবং তদানুযায়ী বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।”

পর্যদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে CAMELS ও Risk Management Rating এর মান পর্যায়ক্রমে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হলে Capital adequacy, Asset quality, Earning capacity, Liquidity position এবং Management efficiency আরও উন্নত করতে হবে। এজন্য নিম্নে কি কি পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন তা বর্ণনা করা হলোঃ

ক্রঃ	বিবরণ	সময়কাল	কার্যকরণ
ক)	ব্যাংকের মূলধন ঘাটতি পূরনের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে বার্ষিক আর্থিক প্রতিবেদন অনুমোদনের সাথে সাথেই মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাক্ষরে পত্র লিখতে হবে এবং প্রতিনিয়ত নিবিড় যোগাযোগ রাখতে হবে;	৩১-১২-২০১৮ তারিখের মধ্যে	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
খ)	মন্ত্রণালয়ে সুদ ভর্তুকীসহ অন্যান্য দাবীসমূহ আদায়ের বিষয়ে মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের স্বাক্ষরে পত্র লিখতে হবে এবং প্রতিনিয়ত নিবিড় যোগাযোগ রাখতে হবে;	৩১-১২-২০১৮ তারিখের মধ্যে	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১
গ)	ব্যাংকের আয় বৃদ্ধি ও ব্যয় হ্রাসের মাধ্যমে লোকসান ক্রমান্বয়ে হ্রাস করা ;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে ব্যাংক যাতে Break even point এ পরিচালিত হতে পারে তার প্রচেষ্টা গ্রহণ করতে হবে।	সকল মাঠ কার্যালয়
ঘ)	শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে ব্যাংকের প্রয়োজনীয় প্রতিশনের পরিমাণ হ্রাস করা;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়

ক্রঃ	বিবরণ	সময়কাল	কার্যকরণ
ঙ)	কৃষি ঋণসহ সকল খাতে ঋণ বিতরণের নির্ধারিত ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে পর্যায়ক্রমে মাঠকর্মীদের, ব্যবস্থাপক, আঞ্চলিক ব্যবস্থাপক, মহাব্যবস্থাপকগণের মধ্যে ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা প্রদান করতে হবে। কোন মাঠ কর্মী ঋণ বিতরণের সাপ্তাহিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হলে সেক্ষেত্রে তাঁকে জবাবদিহীতার আওতায় আনতে হবে এবং চলতি সপ্তাহের বরাদ্দসহ পূর্ববর্তী সপ্তাহের ঘাটতি বরাদ্দ আবশ্যিকভাবে অর্জন নিশ্চিত করতে হবে;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
চ)	শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ হ্রাসের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার নিমিত্তে বছরের শুরুতে WCL (শ্রেণীযোগ্য) হিসেবে চিহ্নিত ঋণ হিসাবসমূহ পরবর্তী সূত্র তারিখের মধ্যে সুদসহ সম্পূর্ণ আদায় নিশ্চিতকরণ, যাতে নতুনভাবে কোন ঋণ হিসাব শ্রেণীকৃত ঋণে পরিণত হতে না পারে;	৩১-১২-২০১৮ তারিখের মধ্যে শ্রেণীযোগ্য-১ (WCL-1) এবং ৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে শ্রেণীযোগ্য-২ (WCL-2) সম্পূর্ণ আদায় করতে হবে।	সকল মাঠ কার্যালয়
ছ)	কর্পোরেট শাখা প্রধান/ব্যবস্থাপক শাখার সকল মাঠকর্মীগণের মধ্যে শ্রেণীকৃত ঋণ হ্রাসের লক্ষ্যমাত্রা বন্টন পূর্বক সাপ্তাহিক/পাক্ষিক ভিত্তিতে নিবিড়ভাবে মনিটরিং এর মাধ্যমে অর্জন নিশ্চিত করবেন। বিভাগীয় প্রধানগণ আওতাধীন অঞ্চল ও কর্পোরেট শাখাসমূহের এবং অঞ্চল প্রধানগণ অঞ্চলাধীন শাখাসমূহের শ্রেণীকৃত ঋণ হ্রাসের লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করবেন;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
জ)	প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক শাখা/অঞ্চল পর্যায়ে শীর্ষ ১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে শাখা প্রধান/অঞ্চল প্রধানগণ কর্তৃক নিবিড় যোগাযোগ ও তাগিদ প্রদানের মাধ্যমে শ্রেণীকৃত ঋণ আদায় নিশ্চিত করে শ্রেণীকৃত ঋণ হ্রাসকরণ;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
ঝ)	সুদ বিহীন ও কমসুদবাহী আমানত অধিক পরিমাণে সংগ্রহ। অধিক সুদবাহী আমানত ক্রমান্বয়ে ছাড়করণ ও উদ্ধৃত ঘাটতি কমসুদবাহী আমানত দ্বারা পূরণ;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
ঞ)	শ্রেণীকৃত ঋণ আদায়ের মাধ্যমে ৫২-খাতে হিসাবভুক্ত স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর ;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
ট)	ব্যাংকের বড় গ্রাহকদের তথা প্রাতিষ্ঠানিক গ্রাহকদের আমানত ও ঋণ ব্যবহারের প্রতি যত্নশীল হওয়া ও সতর্ক দৃষ্টি রাখা;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	সকল মাঠ কার্যালয়
ঠ)	দক্ষ কাউন্টার সেবা প্রদান;	সর্বদা দক্ষ কাউন্টার সেবা প্রদান করতে হবে	সকল শাখা / কর্পোরেট শাখা
ড)	Core Risks Management এর যথাযথ বাস্তবায়ন এবং সবগুলো সেগমেন্ট এর রেটিং সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিশেষ করে এন্টি মানি লন্ডারিং রিস্কসহ সকল কোর রিস্ক সম্পর্কে সকল শাখা ব্যবস্থাপক ও ২য় কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে ;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	বুঁকি ব্যবস্থাপনা বিভাগ
ঢ)	সকল কোর রিস্ক গাইডলাইন নতুন করে তৈরি/ হালনাগাদ করতে হবে ;	৩০-০৬-২০১৯ তারিখের মধ্যে	বুঁকি ব্যবস্থাপনা বিভাগসহ সকল কোর রিস্ক সংশ্লিষ্ট বিভাগ

এছাড়াও নিম্নোক্ত বিষয়াদির প্রতি ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে বিশেষ গুরুত্বারোপ করতে হবে।

১. বিশেষায়িত ব্যাংক হিসাবে কৃষি ঋণ বহুমুখীকরণের পাশাপাশি আধুনিক কৃষি প্রযুক্তি ও যন্ত্রপাতি খাতে ঋণ বিতরণের উদ্যোগ গ্রহণ ও এ খাতে ঋণ বৃদ্ধি করে বিতরণের পরিমাণ বাড়াতে হবে;
২. উপার্জন ক্ষমতা বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং ব্যাংকে যাতে কোন লোকসানী শাখা না থাকে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. কর্তৃকের উপর নির্ভরশীলতা হ্রাস করে দায়-সম্পদ ব্যবস্থা সুসংহতকরণের জন্য স্বল্প সুদযুক্ত আমানত বৃদ্ধি করতে হবে, ক্ষুদ্র আমানত সংগ্রহে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে এবং গ্রাম অঞ্চল হতে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়ী আমানত সংগ্রহে উৎসাহিত করতে হবে;
৪. জুন, ২০১৮ পর্যন্ত বিকেবি এর অভ্যন্তরীণ নিরীক্ষা, বাংলাদেশ ব্যাংকের বিশদ পরিদর্শন, বিনিয়োগ নিরীক্ষার দ্বি-পাক্ষিক ও ত্রি-পাক্ষিক সভায় যে সব আপত্তি দেয়া হয়েছে সেগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং নতুন করে যাতে কোন আপত্তি উত্থাপিত না হয় সে দিকে দৃষ্টি রাখতে হবে।;
৫. ব্যাংকিং কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা সহ অটোমেশন কার্যক্রম বাস্তবায়ন যথাসময়ে সমাপ্ত করতে হবে;

০৩। বিষয়টি অতীব জরুরী।



(মোহাম্মদ ফারুক আলম)
উপ-ব্যবস্থাপনা পরিচালক-১

নং-প্রকা/আরএমডি-৩০/২০১৮-১৯/১০২৪(৮)

তারিখ ৪ ২৬-১১-২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। নথি/মহানথি।


(রওশনক সাদ ফেরদৌসী)
উপ-মহাব্যবস্থাপক